



২৯ আগস্ট ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## শর্তসাপেক্ষে মিনির জামিন আবেদন মঞ্জুর

বহুল আলোচিত বরগুনার রিফাত শরীফ হত্যা মামলায় গ্রেপ্তারকৃত তার স্ত্রী আয়েশা সিদ্দিকা মিনিকে জামিন দিয়েছেন মহামান্য হাইকোর্ট।

আজ ২৯ আগস্ট ২০১৯ (বৃহস্পতিবার) মাননীয় বিচারপতি জনাব এম ইনায়েতুর রহিম ও মাননীয় বিচারপতি জনাব মো. মোস্তাফিজুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় দিয়েছেন। রায়ে আদালত বলেন জামিনে থাকা অবস্থায় আয়শা সিদ্দিকা তাঁর বাবার জিম্মায় থাকবেন। গণমাধ্যমের সঙ্গে কোন কথা বলতে পারবেন না। জামিনের অপব্যবহার করলে তা বাতিল হয়ে যাবে।

আদালতে জামিন আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী জেডআই খান পান্না এবং জ্যেষ্ঠ আইনজীবী মনসরুল হক চৌধুরী যুক্তি দিয়ে শুনানি করেন। রাস্ত্র পক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোঃ সারোয়ার হোসেইন বাপ্পী।

উল্লেখ্য যে, গত ২০ আগস্ট ২০১৯ মিনির জামিন প্রশ্নে হাইকোর্ট এক সপ্তাহের রুল জারি করে আদেশ দিয়েছিল। একইসঙ্গে মামলার তদন্ত কর্মকর্তাকে সিডি নিয়ে গত ২৮ আগস্ট ২০১৯ হাইকোর্টে হাজির হতে বলেন। এছাড়া মিনির সংশ্লিষ্টতার বিষয় জানিয়ে করা সংবাদ সম্মেলনের বিষয়ে বরগুনার পুলিশ সুপারের লিখিত ব্যাখ্যা তলব করেন। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা গত ২৮ আগস্ট ২০১৯ সিডি এবং লিখিত ব্যাখ্যা নিয়ে আদালতে হাজির হয়েছিলেন।

প্রসঙ্গত, গত ২৬ জুন ২০১৯ বরগুনা সরকারি কলেজের সামনে সন্ত্রাসীরা প্রকাশ্যে কুপিয়ে গুরুতর আহত করে রিফাত শরীফকে। গুরুতর আহত রিফাতকে ওইদিন বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে বিকালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। এ হত্যার ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে দেশব্যাপী তোলপাড় শুরু হয়। এ ঘটনায় রিফাতের বাবা দুলাল শরীফ বাদী হয়ে ১২ জনের নাম উল্লেখ ও পাঁচ-ছয়জনকে অজ্ঞাত আসামি করে বরগুনা থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। পরে ১৬ জুলাই ২০১৯ মিনিকে তার বাবার বাড়ি বরগুনা পৌর শহরের নয়াকাটা-মাইঠা এলাকা থেকে পুলিশ লাইনে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যাওয়া হয়। জিজ্ঞাসাবাদ শেষে তাকে গ্রেপ্তার দেখানো হয়। পরদিন ১৭ জুলাই ২০১৯ মিনিকে বরগুনার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে ৭ দিনের রিমান্ড আবেদন করা হলে বিচারক মোহাম্মদ সিরাজুল ইসলাম গাজী ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেন। এরপর কয়েক দফা আবেদন জানালেও নিম্ন আদালত মিনিকে জামিন দেননি। পরে জামিন চেয়ে হাইকোর্টে আবেদন করেন তিনি।

বার্তা প্রেরক:

আসমা উল হোসনা, কমিউনিকেশন স্পেশালিস্ট, ব্লাস্ট

ফোন: ০১৭১২১৪৬৯৪২

E-mail: asma@blast.org.bd